গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,নওগাঁ
সংস্থাপন শাখা
www.naogaon.gov.bd

জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁয় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির

## সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খালিদ মেহেদী হাসান, পিএএ, জেলা প্রশাসক, নওগাঁ |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নওগাঁ। |
| সভার তারিখ ও সময় | : | ২৫ জুলাই ২০২২ |
| সময় | : | বিকাল ০৪ :০০ ঘটিকা |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা | : | পরিশিষ্ট- "ক" |

সভাপতি সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন আমরা সরকারি কর্মচারী হিসেবে জনগনের নিকট দায়বদ্ধ । সরকারি কর্মাচারী আইন ২০১৮ এর ২৫ ধারায় সেবা গ্রহীতাদের প্রাপ্য সেবা নিশ্চিত করতে বলা হয়েছে। সরকার সুশাসন নিশ্চিতকল্পে সরকারি দপ্তরে কার্যসম্পাদনের নীতি, শুদ্ধাচার চর্চা ও নৈতিকতার বিভিন্ন মানদন্ড প্রণয়ন করেছেন। এ বিষয়গুলো মেনে চলার জন্য কর্মকর্তা/কর্মচারীদেরকে নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ যথাযথভাবে বাস্তবায়নে নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নসহ কার্যকর ভূমিকা রাখার জন্য সকলকে পুনরায় অনুরোধ করেন।

২। অতঃপর সভায় জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর বাস্তবায়ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা | এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর অংশ হিসেবে স্ব-স্ব অফিস ও শাখার কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২। জেসিও/এনডিসি/আরডিসি/এলএও নওগাঁ কালেক্টরেট<br>৩। সহকারী কমিশনার(ভূমি) (সকল), নওগাঁ<br>৪। সহকারী কমিশনার(সকল)শাখা, নওগাঁ কালেক্টরেট<br>৫। জেলা ত্রাণ ও পূর্নবাসন কর্মকর্তা, নওগাঁ ।<br>৬। প্রশাসনিক কর্মকর্তা, নওগাঁ কালেক্টরেট |
| ০২ | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য বিস্তারিত আলোচনা | ২০২২-২৩ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয় ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), নওগাঁ |
| ০৩ | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন যথাসময়ে প্রেরণ বিষয়ে আলোচনা | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নওগাঁ<br>২। সহকারী কমিশনার(ভূমি), (সকল), নওগাঁ |
| ০৪ | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নে প্রমাণক প্রেরণ সম্পর্কে আলোচনা | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট বিষয়ে প্রমাণক ত্রৈমাসিক ভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২। জেসিও/এনডিসি/আরডিসি/এলএও নওগাঁ কালেক্টরেট<br>৩। সহকারী কমিশনার(ভূমি) (সকল), নওগাঁ<br>৪। সহকারী কমিশনার(সকল)শাখা, নওগাঁ কালেক্টরেট<br>৫। জেলা ত্রাণ ও পূর্নবাসন কর্মকর্তা, নওগাঁ ।<br>৬। প্রশাসনিক কর্মকর্তা, নওগাঁ কালেক্টরেট |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | বিবিধ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ অগ্রাধিকার ভিত্তিতে আন্তরিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

৩। সভাপতি অফিসের সার্বিক কার্যক্রম আরও গতিশীল করতে সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের অনুরোধ করেন। অফিসে আগত সেবা প্রত্যাশীদের সাথে ভাল ব্যবহার, নিজ নিজ অবস্থান থেকে স্বচ্ছ ও সঠিকভাবে দায়িত্ব পালন এবং জেলা প্রশাসনের ভাবমূর্তি যাতে উজ্জ্বল হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে নৈতিকতার সাথে কাজ করার জন্য সকলকে অনুরোধ জানান। সকলকে সৎ, ভদ্র, বিনয়ী, দক্ষ, অনুগত ও দাপ্তরিক কাজে আন্তরিক হওয়ার পরামর্শ প্রদান করেন। তিনি অফিস ও অফিস চত্বর পরিস্কার পরিচ্ছন্ন রাখতে সকলকে পরামর্শ প্রদান করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খালিদ মেহেদী হাসান, পিএএ,
জেলা প্রশাসক
নওগাঁ।

স্মারক নম্বর-০৫.৪৩.৬৪০০.১১৪.১৩.০০৩.২২- ৪২৫

তারিখ: ৩০/০৪/১৪২৯ বঙ্গাব্দ
১১/০৮/২০২২ খ্রিস্টাব্দ

<u>অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :</u>

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নওগাঁ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ..............................................................(সকল), নওগাঁ
৫। রেভিনিউ ডেপুটি কালেক্টর / নেজারত ডেপুটি কালেক্টর / ভূমি অধিগ্রহণ কর্মকর্তা / জেনারেল সার্টিফিকেট অফিসার, নওগাঁ।
৬। সহকারী কমিশনার (ভূমি), ..............................................................(সকল), নওগাঁ।
৭। সহকারী কমিশনার, ..............................................................শাখা(সকল), জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।
৮। প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নওগাঁ। তাঁকে কার্যবিবরণীটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল।
৯। প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ ।

১১/০৮/২২
( মুহাম্মাদ ইব্রাহীম )
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নওগাঁ।

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভায় উপস্থিতিঃ

সভার তারিখঃ ২৫/০৭/২০২২ খ্রিঃ

সময় বিকেলঃ বিকাল ০৪ :০০ ঘটিকা

| ক্রমিক নং | নাম ও পদবি | কমিটির পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুহাম্মাদ ইব্রাহীম<br>অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)<br>নওগাঁ। | সদস্য সচিব | |
| ২ | জনাব মিল্টন চন্দ্র রায়<br>অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)<br>নওগাঁ। | সদস্য | 25/07/2022 |
| ৩ | জনাব মোঃ মকসেদ আলী<br>প্রশাসনিক কর্মকর্তা<br>জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ। | সদস্য | 25/7/22 |
| ৪ | জনাব মোঃ ইয়াসিন আলী<br>প্রধান সহকারী<br>জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ। | সদস্য | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,নওগাঁ
সংস্থাপন শাখা
www.naogaon.gov.bd

তারিখ: ০৬/০৪/১৪২৯ বঙ্গাব্দ
২১/০৭/২০২২ খ্রিস্টাব্দ

স্মারক নং-০৫.৪৩.৬৪০০.১১৪.১৩.০০৩.২২- ৩৬১

**সভার নোটিশ**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভা আগামী ২৫ জুলাই ২০২২ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারী অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হল।

২১/০৭/২২
( মুহাম্মাদ ইব্রাহীম )
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ
ও সদস্য সচিব
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে গঠিত
নৈতিকতা কমিটি
দূরালাপনী : ০৭৪১-৬২৩২২(দপ্তর)

প্রাপকঃ

১। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), নওগাঁ ও সদস্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে গঠিত নৈতিকতা কমিটি

২। প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ ও সদস্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে গঠিত নৈতিকতা কমিটি।

৩। প্রধান সহকারী, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ ও সদস্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে গঠিত নৈতিকতা কমিটি

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। নেজারত ডেপুটি কালেক্টর, নওগাঁ।

২। সহকারী কমিশনার ( গোপনীয় ), নওগাঁ কালেক্টরেট, নওগাঁ ( জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের সদয় অবগতির জন্য)।